# আল-আলাক | Al-Alaq | ٱلْعَلَق

আয়াতঃ ৯৬ : ১

## আরবি মূল আয়াত:

اِقۡرَاۡ بِاسۡمِ رَبِّکَ الَّذِیۡ خَلَقَ ﴿۱﴾

## অনুবাদসমূহ:

পড় তোমার রবের নামে, যিনি সৃষ্টি করেছেন। — আল-বায়ান

পাঠ কর তোমার প্রতিপালকের নামে যিনি সৃষ্টি করেছেন, — তাইসিরুল

তুমি পাঠ কর তোমার রবের নামে, যিনি সৃষ্টি করেছেন। — মুজিবুর রহমান

Recite in the name of your Lord who created - — Sahih International

## ১. পড়ুন আপনার রবের নামে, যিনি সৃষ্টি করেছেন(১)—

(১) শুধু বলা হয়েছে, "সৃষ্টি করেছেন" কাকে সৃষ্টি করেছেন তা বলা হয়নি। এ থেকে আপনা-আপনিই এ অর্থ বের হয়ে আসে, সেই রবের নাম নিয়ে পড় যিনি স্রষ্টা সমগ্র বিশ্ব-জাহানের, সমগ্র সৃষ্টিজগতের। [আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

## ১। তুমি পড় তোমার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন। [1]

[1] এটাই সর্বপ্রথম অহী যা নবী (সাঃ)-এর উপর ঐ সময় অবতীর্ণ হয় যখন তিনি হিরা গুহায় আল্লাহর ইবাদতে মগ্ন ছিলেন। ফিরিশতা (জিবরীল) তাঁর নিকট এসে বললেন, 'পড়।' তিনি বললেন, 'আমি তো পড়তে জানি না।' ফিরিশতা তাঁকে জড়িয়ে ধরে শক্তভাবে চেপে ধরলেন এবং বললেন, 'পড়।' তিনি পুনর্বার একই উত্তর দিলেন। এইভাবে ফিরিশতা তিনবার করলেন। (এ ব্যাপারে বিস্তারিত দেখুনঃ সহীহ বুখারী অহী অধ্যায়, মুসলিম ঈমান অধ্যায় ও অহীর প্রারম্ভিক সূচনার পরিচ্ছেদ।)

اِقْرَاْঅর্থাৎ, যা আপনার প্রতি অহী করা হয়েছে তা পড়। خَلَقَশব্দের অর্থ হল যিনি সমস্ত সৃষ্টিকে সৃষ্টি করেছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6107

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন